অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/18/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল AML রাইটসোর্স সম্প্রসারণের সাথে বাফেলোতে 350-টিরও বেশি চাকরি তৈরি হবে বলে ঘোষণা করেছেন

4.3 মিলিয়ন ডলারের প্রকল্প সেনেকা ওয়ান টাওয়ারে AMLRS এর অফিসের জায়গা প্রসারিত করবে

গভর্নর ক্যাথি হোকল ঘোষণা করেছেন যে বিশ্বের বৃহত্তম প্রযুক্তি-সক্ষম আর্থিক অপরাধ বিরোধী সংস্থা AML রাইটসোর্স (AML RightSource), বাফেলোতে প্রসারিত হচ্ছে এবং নতুন পরিষেবা এবং ক্লায়েন্টদের সহায়তা প্রদান করতে অতিরিক্ত 363 জন কর্মী নিয়োগ করবে, যার ফলে মোট বাফেলোর কর্মীবল আনুমানিক 540 জন কর্মচারী হবে। সংস্থাটি দেশীয় এবং আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠান, ফিনটেক এবং অন্যান্য ব্যবসাগুলিকে অর্থ পাচার বিরোধী প্রবিধানগুলি মেনে চলতে এবং অপরাধের ঘটনা রোধ করতে সহায়তা করে। 4.3 মিলিয়ন ডলারের প্রকল্পটি বাফেলোর সব চেয়ে উঁচু ভবন, সেনেকা ওয়ান টাওয়ারের 27তম তলায় AMLRS এর 20,000 বর্গ-ফুটের অফিসে স্থান সম্প্রসারণ করবে।

"AML রাইটসোর্স পশ্চিম নিউ ইয়র্কের জন্য আরেকটি সাফল্যের কাহিনী হয়ে দাঁড়িয়েছে তার বৃদ্ধি এবং শত শত ভালো বেতনের নতুন চাকরি প্রদান করে কিংবদন্তীসম সেনেকা ওয়ান টাওয়ারে - যা কেবল কয়েক বছর আগেও খালি পরে ছিল," **গভর্নর হোকল বলেন।** "এগুলি সেই ধরনের পেশাদার এবং উচ্চ-প্রযুক্তির চাকরি যা আমাদের নতুন কলেজ স্নাতকদের এই অঞ্চলেই রাখবে, ও তার সাথে অন্যান্য উচ্চ-মানের প্রতিভাকেও এই অঞ্চলে আকৃষ্ট করবে। (AML RightSource, AMLRS) এর মতো সংস্থাগুলির সাথে কৌশলগত অংশীদারিত্বের মাধ্যমে, নিউ ইয়র্ক আমাদের মহামারীর পরবর্তী অর্থনৈতিক পুনরুদ্ধারকে ত্বরান্বিত করে চলেছে রাজ্য জুড়ে বিকাশ ও প্রসারিত করার জন্য নিকট ও দূরের ব্যবসাগুলিকে আকৃষ্ট করে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট AMLRS তার চাকরি সৃষ্টির প্রতিশ্রুতি পূরণের বিনিময়ে এক্সেলসিয়র জব প্রোগ্রাম (Excelsior Job Program) ট্যাক্স ক্রেডিটগুলিতে 7.4 মিলিয়ন ডলার প্রদান করবে। এই কর্মক্ষমতা-ভিত্তিক প্রণোদনাগুলি সংস্থাকে পাঁচ বছরের মধ্যে 363-টি নতুন চাকরি তৈরি করতে দেবে, যা বাফেলোতে কোম্পানির দ্বারা তাদের পূর্ববর্তী এক্সেলসিয়র জব প্রোগ্রামের মাধ্যমে ইতিমধ্যে তৈরি করা 175-টি চাকরির সাথে যোগ হবে।

ফেব্রুয়ারির শেষ দিকে, গভর্নর হোকল একটি জয়েন্ট সিকিউরিটি অপারেশন সেন্টার (Joint Security Operations Center, JSOC) গঠনের ঘোষণা করেছেন ডেটা সংগ্রহ, প্রতিক্রিয়া প্রচেষ্টা এবং তথ্য ভাগাভাগি সহ যৌথ স্থানীয়, রাজ্য এবং ফেডারেল সাইবার প্রচেষ্টার স্নায়ু কেন্দ্র হিসাবে পরিবেশন করার জন্য। JSOC হল দেশের এই ধরনের প্রথম সাইবার কমান্ড সেন্টার যা সাইবার-ঝুঁকির ল্যান্ডস্কেপের একটি রাজ্যব্যাপী দৃষ্টি প্রদান করবে এবং ঝুঁকি সংক্রান্ত বুদ্ধিমত্তা এবং ঘটনার প্রতিক্রিয়ার সমন্বয় উন্নত করবে।

2004 সাল থেকে, AMLRS আর্থিক প্রতিষ্ঠান এবং ফিনটেকগুলিকে সন্দেহজনক আর্থিক কার্যকলাপের সনাক্তকরণ এবং রিপোর্টিং সম্পর্কিত প্রবিধানগুলির ক্ষেত্রে ফেডারেল সরকারের প্রয়োজনীয় অনুবর্তিতা পূরণ করতে সহায়তা করছে। সংস্থাটি অবৈধ আর্থিক কার্যকলাপ ট্র্যাক করার জন্য মালিকানাধীন প্রযুক্তি এবং উচ্চ-প্রশিক্ষিত বিশ্লেষকদের একটি বিশ্বব্যাপী দল ব্যবহার করে, যা সম্ভাব্য মানব পাচার, সন্ত্রাসবাদীদের অর্থায়ন, বেআইনি মাদকের চালান এবং অন্যান্য অপরাধমূলক আর্থিক স্কিমগুলি প্রকাশ্যে আনতে পারে।

AMLRS ক্লায়েন্টদের মধ্যে রয়েছে 1 বিলিয়ন ডলারের সম্পদ সহ কমিউনিটি ব্যাঙ্ক থেকে শুরু করে 1 ট্রিলিয়ন ডলারের বেশি সম্পদ সহ বৈশ্বিক আর্থিক প্রতিষ্ঠান। পরিষেবাদিগুলিতে আছে লেনদেনের নজরদারি, সতর্ক ব্যাকলগ ব্যবস্থাপনা, বর্ধিত ডিউ ডিলিজেন্স পর্যালোচনা এবং আর্থিক অপরাধ সংক্রান্ত পরামর্শ। AMLRS তাদের ক্রমবর্ধমান ক্লায়েন্ট বেসকে প্রযুক্তি সংক্রান্ত সমাধান প্রদানের ক্ষেত্রে বিশ্বব্যাপী নেতা হয়ে উঠেছে। 3,000 জনেরও বেশি বৈশ্বিক কর্মচারীর কর্মীবল, যার মধ্যে আছে বিষয় বিশেষজ্ঞগণ, 15টি অ্যাকাউন্ট জুড়ে শিল্পের সর্ববৃহৎ পূর্ণ-সময়ের পেশাদারদের দলের জন্য। AML রাইটসোর্স এ পর্যন্ত বাফেলোতে 175 জনকে নিয়োগ করেছে, যার মধ্যে 110 জন এই অঞ্চলের একটি কলেজ বা বিশ্ববিদ্যালয় থেকে এসেছেন।

AML রাইটসোর্স 2019 সালে বাফেলো সিটিতে একটি শাখা তৈরি করে, সংস্থার উত্তর-পূর্ব ওহাইও অপারেশনের কাছাকাছি অবস্থিত বলে, যোগ্য এবং প্রতিভাবান চাকরি প্রার্থীদের একটি বড় ভান্ডারের উপলব্ধতা এবং ক্রমবর্ধমান কর্মীবাহিনীকে সমর্থন করার জন্য উপলব্ধ স্থানের কারণে জায়গাটি তারা নির্বাচন করে। সেনেকা ওয়ান টাওয়ারে এর নতুন জায়গাটি, যা পশ্চিম নিউ ইয়র্কের উন্মুক্ত দৃশ্য সহ একটি প্রযুক্তি কেন্দ্র, উচ্চ-স্তরের পেশাদারদের আকর্ষণ করার জন্য প্রস্তুত করা হয়েছে।

সেনেকা ওয়ান টাওয়ারের একটি ছবি দেখুন এখানে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রেসিডেন্ট ও সিইও-মনোনীত হোপ নাইট বলেন, "ওয়েস্টার্ন নিউ ইয়র্কের প্রতিভাবান কর্মীবাহিনী এবং প্রযুক্তি উদ্ভাবনের হটস্পট হিসাবে ক্রমবর্ধমান খ্যাতি প্রথমে AML রাইটসোর্সকে বাফেলো সিটিতে আকৃষ্ট করেছিল। এখন সংস্থাটি তার বিনিয়োগকে শক্তিশালী করছে, উচ্চ-বৃদ্ধি এবং আর্থিক অপরাধ তদন্তের ক্রমবর্ধমান গুরুত্বপূর্ণ ক্ষেত্রে নিউ ইয়র্কবাসীদের জন্য শত শত নতুন চাকরি তৈরি করে।"

AML রাইটসোর্সের সিইও ফ্র্যাঙ্ক ইউইং বলেন, "এটি AMLRS, বাফেলো শহর এবং নিউ ইয়র্ক স্টেটের জন্য একটি দুর্দান্ত সুযোগ। জাতীয় এবং বৈশ্বিক উভয় স্তরে আর্থিক অপরাধের সদা-বর্তমান ঝুঁকির ফলে, সম্প্রতি যারা স্নাতক হয়েছেন এবং পেশাদার, উভয়ের জন্যই এটি AMLRS এর জন্য একটি উপযুক্ত সুযোগ নতুন চাকরি তৈরি করার জন্য।"

ইনভেস্ট বাফেলো নায়াগ্রার (Invest Buffalo Niagara) প্রেসিডেন্ট ও সিইও টম কুচারস্কি বলেন, "যে কারণগুলির জন্য AML রাইটসোর্স মূলত পশ্চিম নিউ ইয়র্কে প্রসারণ করেছিল - আমাদের পরিশ্রমী মানুষ, ক্রমবর্ধমান উদ্ভাবনী অর্থনীতি, সমর্থ এবং আরও অনেক কিছু - এগুলি সবই আজকে আরও বেশি সত্যি বলে মনে হয়। বাফেলো নায়াগ্রায় AML রাইটসোর্সের সাফল্য দেখে আমরা খুবই উত্তেজিত এবং ক্রমাগত বৃদ্ধির ক্ষেত্রে দলটির সাথে কাজ করার জন্য উন্মুখ।"

রাজ্যের সিনেটর টিম কেনেডি বলেন, "আমরা যখন নিউ ইয়র্ককে আবার গড়ে তুলছি, আমরা আমাদের সম্প্রদায় এবং আমাদের কর্মশক্তিতে উল্লেখযোগ্য বিনিয়োগ দেখতে পাচ্ছি, এবং AML রাইটসোর্স এবং মুগ (Moog Inc.) দ্বারা ঘোষিত এই চাকরিগুলি সেই প্রতিশ্রুতির প্রত্যক্ষ প্রতিফলন। এই সম্প্রসারণ চাকরিপ্রার্থীদের জন্য নতুন, উচ্চমানের সুযোগ তৈরি করবে এবং এমন অংশীদারিত্বগুলির উপর ভিত্তি করে গড়ে তুলবে যা ইতিমধ্যেই আমাদের শহর ও অঞ্চলকে মহামারী পরবর্তী উন্নতির দিকে নিয়ে যাচ্ছে।"

রাজ্য সিনেটর শন রায়ান বলেন, "পশ্চিম নিউ ইয়র্কের অর্থনীতি যখন এগিয়ে যাচ্ছে, ভবিষ্যতের জন্য একটি শক্ত ভিত্তি তৈরি করার জন্য আরো ভালো বেতনের চাকরি অপরিহার্য। AML রাইটসোর্স থেকে শত শত নতুন চাকরি আমাদের অঞ্চলে অনেক নতুন লোক নিয়ে আসবে, এবং স্থানীয় স্নাতকদের জন্য আরো কর্মসংস্থানের সুযোগ প্রদান করবে। বাফেলোর প্রতি তাদের চলমান প্রতিশ্রুতির জন্য আমি AML রাইটসোর্সের নেতৃত্বকে ধন্যবাদ জানাই।"

বিধানসভার সংখ্যাগরিষ্ঠ নেতা ক্রিস্টাল পিপলস-স্টোকস বলেন, "আর্থিক প্রতিষ্ঠানগুলি দুষ্কৃতীদের কবল থেকে নিরাপদ রাখা নিশ্চিত করার জন্য AML রাইটসোর্স গুরুত্বপূর্ণ কাজ করছে। আমরা সৌভাগ্যবান যে আমাদের সম্প্রদায়ে এই সংস্থাটি এবং আমাদের বাসিন্দাদের জন্য ভালো বেতনের চাকরি প্রদান করছে, যখন সংস্থাটি একটি চিত্তাকর্ষক হারে বৃদ্ধি পেয়ে চলেছে। এই সম্প্রসারণ প্রকল্পে তার সমর্থনের জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ। আমি AML রাইটসোর্সকে তার সাফল্যের জন্য অভিনন্দন জানাই এবং তাদের নতুন কর্মচারীদের বাফেলোতে স্বাগত জানাই।"

বিধানসভার সদস্য জন ডি. রিভেরা বলেন, "বাফেলোতে AML রাইটসোর্সের বিনিয়োগ আমাদের অঞ্চলের পুনর্নবীকৃত অর্থনৈতিক প্রাণশক্তি এবং পুনরুত্থানের প্রমাণ। এই প্রকল্পটি শহরের কিংবদন্তিসোম ভবনগুলির একটিতে গভীরতা এবং একটি উদ্দীপনামূলক উদ্দেশ্য যোগ করবে এবং আরও গুরুত্বপূর্ণভাবে, বৃহত্তর বাফেলো-নায়াগ্রা অর্থনীতিতে ভালো বেতনের চাকরি যোগ করবে।"

মেয়র বায়রন ডব্লিউ ব্রাউন বলেন, "AML রাইটসোর্সের কর্মী বাড়ানোর সিদ্ধান্ত, এবং বাফেলো শহরের লারকিনভিল এলাকায় তাদের ক্রিয়াকলাপ সম্প্রসারিত করা, একটি দুর্দান্ত খবর। সংস্থাটি ইতিমধ্যেই 2019 সালে 100টি ভাল বেতনের চাকরি তৈরি করার প্রতিশ্রুতি অতিক্রম করে গেছে এবং আমি খুব খুশি যে এটি তারা তাদের কর্মচারীর সংখ্যা আনুমানিক 540 এ উন্নীত করবে। এটি আরো বেশি করে প্রমাণ করে যে বাফেলোর উচ্চ-প্রযুক্তির সম্প্রদায় বৃদ্ধি পাচ্ছে এবং আমাদের শহরের ক্রমাগত পুনরুত্থানের একটি মূল চালক।"

AML রাইটসোর্স সম্পর্কে আরো তথ্যের জন্য অনুগ্রহ করে http://www.amlrightsouce.com দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন